রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিচার শাখা-৬

## প্রজ্ঞাপন

তারিখ, ২১শে জ্যৈষ্ঠ, ১৪০১/৪ঠা জুন, ১৯৯৪

এস, আর, ও নং ২০৬-আইন/৯৪/আর-৬/১এস-২০/৯৩—R gistration Act, 1908 (XVI of 1908) এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার উক্ত Act এর—

(ক) section 5(1) এর বিধান অনুসারে "স্পেশাল সাব-ডিস্ট্রিক্ট" নামে একটি sub-district গঠন করিল এবং, অনুচ্ছেদ ২ ও ৩ এর বিধান সাপেক্ষে, পার্বত্য জেলা ব্যতীত বাংলাদেশ এর সমগ্র এলাকাকে উহার এলাকারূপে নির্ধারণ করিল; এবং

(খ) section 7(1) এর বিধান অনুসারে সিরাজগঞ্জ জেলাধীন সিরাজগঞ্জ সদর থানার একটি sub-registry office স্থাপন করিল।

২। যমুনা বহুমুখী সেতু প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে যে সকল ব্যক্তির জমি অধিগ্রহণ করা হয় সেই সকল ব্যক্তি অধিগ্রহণ বাবদ প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থে যে জমি অর্জন করিবেন সেই জমির রেজিস্ট্রেশন এবং তৎসংক্রান্ত কার্যক্রম গ্রহণই হইবে নবগঠিত সাব-রেজিস্ট্রী অফিসের দায়িত্ব:

তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তি কর্তৃক উক্ত অর্থ দ্বারা কোন জমি অর্জনের জন্য প্রয়োজনীয় রেজিস্ট্রেশনের ক্ষেত্রে জমিটি যে সাব-রেজিস্ট্রী অফিসের এলাকায় অবস্থিত সেই সাব-রেজিস্ট্রী অফিসেও সংশ্লিষ্ট দলিল রেজিস্ট্রেশন করা যাইবে।



মূল্যঃ টাকা ১.০০

৩। নবগঠিত সাব-রেজিস্ট্রী অফিস প্রশাসনিকভাবে সিরাজগঞ্জ জেলা রেজিস্ট্রী অফিসের অধীনস্থ হইবে এবং কেবলমাত্র অনুচ্ছেদ ২ এর উদ্দেশ্য পূরণকল্পে জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ এর এখতিয়ার নবগঠিত সাব-রেজিস্ট্রী অফিসের এলাকাব্যাপী বিস্তৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৪। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আনোয়ারুল হক

উপ-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।